**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# চৌতাউকা কাউন্টিতে ইলেক্ট্রোভায়া লিথিয়াম-আয়ন গিগাফ্যাক্টরি স্থাপন করবে বলে গভর্নর হোকলের ঘোষণা

***এই গ্রিন এনার্জি কোম্পানি যুক্তরাষ্ট্রে এটির প্রথম প্ল্যান্টে 250টি পর্যন্ত কর্মসংস্থান তৈরি করার পরিকল্পনা নিয়েছে***

***স্টেটের তহবিল ব্যাটারি প্রযুক্তি ও প্রস্তুতকরণ ফ্যাসিলিটির নির্মাণকাজে সাহায্য করবে যা দেশীয় উদ্ভাবন এবং পরবর্তী প্রজন্মের ব্যাটারি পণ্যের বাণিজ্যিকীকরণে সহায়তা করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ইলেক্ট্রোভায়া, ইনক. (Electrovaya, Inc.), পরিবহন ও ইউটিলিটি স্টোরেজের জন্য লিথিয়াম-আয়ন ব্যাটারির একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান, চৌতাউকা কাউন্টির এলিকট টাউনকে যুক্তরাষ্ট্রে এটির প্রথম প্ল্যান্ট নির্মাণের স্থান হিসেবে নির্বাচন করেছে। এই পাবলিক ট্রেড কোম্পানি এটির নতুনতম উৎপাদন ফ্যাসিলিটি তৈরি করবে যা 250টি পর্যন্ত কর্মসংস্থান তৈরি করবে, এবং পুরোদমে কার্যক্রম শুরু হওয়ার পরে প্রতি বছর এক গিগাওয়াট-ঘণ্টার চেয়েও বেশি ব্যাটারি উৎপাদন করবে। এই বিনিয়োগ অধিকতর বিস্তৃত নিউ এনার্জি নিউ ইয়র্ক (New Energy New York) উদ্যোগকে সমর্থন করে, যেটির লক্ষ্য হচ্ছে ব্যাটারি উদ্ভাবন ও প্রস্তুতকরণের জন্য একটি জাতীয় হাব তৈরি করা।

"নিউ ইয়র্ক স্টেট উন্নত, সর্বাধুনিক, ও অভিনব জ্বালানি প্রযুক্তির গবেষণা ও উন্নয়নের ক্ষেত্রে নেতৃস্থানীয় ভূমিকা পালন করা অব্যাহত রেখেছে," **বলেছেন গভর্নর হোকল**। "স্টেটের সংস্থানসমূহের কল্যাণে, ইলেক্ট্রোভায়া চৌতাউকা কাউন্টিতে 250টি পর্যন্ত কর্মসংস্থান নিয়ে আসছে এবং ক্রমবর্ধমান নির্মল বিদ্যুৎ খাতে নিউ ইয়র্কের সম্পৃক্ততা আরো গভীর করছে। নির্মল প্রযুক্তির সাথে যে উচ্চ-বেতনের কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে তা কাজে লাগানোর জন্য প্রতিযোগিতা চলমান রয়েছে, এবং এসব উৎপাদনকারীদের বেড়ে উঠা, কার্যক্রম পরিচালনা করা, এবং সমৃদ্ধি অর্জন করার জন্য নিউ ইয়র্কের মতো আর দ্বিতীয় কোনো স্থান নেই।"

এই কোম্পানি ই-ফর্কলিফট, ই-ট্রাক এবং ই-বাসের জন্য শক্তিশালী লিথিয়াম-আয়ন ব্যাটারির চাহিদা কাজে লাগানোর প্রচেষ্টায় 1 প্রিসিশন ওয়ে (1 Precision Way)-তে কার্যক্রম শুরু করবে। যুক্তরাষ্ট্রে কোম্পানিটির ক্রমবর্ধমান গ্রাহকদের পরিষেবা প্রদান করার জন্য এটিকে সেরা অবস্থান হিসেবে চিহ্নিত করার পরে ইলেক্ট্রোভায়া এই সাদার্ন চৌতাউকা কাউন্টির ফ্যাসিলিটিকে

নির্বাচন করেছে, যেখানে অন্যান্য সুবিধার মধ্যে দক্ষ শ্রমিকদল এবং লভ্য নবায়নযোগ্য বিদ্যুৎ অন্তর্ভুক্ত রয়েছে।

**ইলেক্ট্রোভায়া-এর CEO ড. রাজ দাস গুপ্ত বলেন**, "যুক্তরাষ্ট্র এবং বিশ্ব বৈদ্যুতিক যানবাহন এবং ইলেক্ট্রো-মোবিলিটি ক্রমশ বৃদ্ধি পাওয়ার এক নজিরবিহীন পর্যায়ে প্রবেশ করার এই সময়ে, এই শিল্পের সফলতার জন্য লিথিয়াম-আয়ন ব্যাটারি এবং সেগুলোর মধ্যকার উপাদানগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। ইলেক্ট্রোভায়ার যুক্তরাষ্ট্র-ভিত্তিক প্রথম বাণিজ্যিক ফ্যাসিলিটি হিসেবে আমাদের টেকসই প্রযুক্তি এবং কর্মপ্রচেষ্টাগুলো নিউ ইয়র্ক স্টেটে নিয়ে আসতে পেরে ইলেক্ট্রোভায়া গর্বিত বোধ করছে। এই ফ্যাসিলিটি লিথিয়াম-আয়ন ব্যাটারি উৎপাদনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান, লিথিয়াম-আয়ন সেল ও মডিউল উৎপাদন করবে। চৌতাউকা কাউন্টিতে উচ্চ-মানসম্মত কর্মসংস্থান তৈরির ক্ষেত্রে সহায়তা করতে পেরে আমরা আনন্দিত এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে আমাদের প্রবৃদ্ধি অব্যাহত থাকবে বলে আমরা প্রত্যাশা করছি।"

শিল্পখাতের নেতৃস্থানীয় কর্মক্ষমতা এবং উল্লেখযোগ্য বুদ্ধিবৃত্তিক সম্পত্তি সঙ্গে নিয়ে, ইলেক্ট্রোভায়া ইনক. বৈশ্বিক জ্বালানি রূপান্তর কার্যক্রমে নেতৃস্থানীয় ভূমিকা পালন করছে, যেটি নিরাপদ ও দীর্ঘস্থায়ী লিথিয়াম আয়ন ব্যাটারি সরবরাহ করার মাধ্যমে জলবায়ু পরিবর্তন প্রতিরোধ করতে অবদান রাখার প্রতি জোর দিচ্ছে। ইলেক্ট্রোভায়া বিদ্যুৎ সংরক্ষণ, নির্মল বৈদ্যুতিক পরিবহন এবং অন্যান্য বিশেষায়িত ক্ষেত্রে ব্যবহারের জন্য মালিকানা সত্ত্বের অধীন লিথিয়াম-আয়ন ব্যাটারি, ব্যাটারি সিস্টেম এবং ব্যাটারি-সম্পর্কিত পণ্য নকশা, উন্নয়ন ও উৎপাদন করে থাকে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কর্মদক্ষতা-ভিত্তিক এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট কর্মসূচির (Excelsior Jobs Tax Credit Program) মাধ্যমে 4 মিলিয়ন ডলার এবং আঞ্চলিক কাউন্সিল মূলধনী তহবিলের (Regional Council Capital Funding) মাধ্যমে 2.5 মিলিয়ন ডলার প্রদান করে একটি সাবেক প্রস্তুতকরণ ফ্যাসিলিটির জায়গায় এই লিথিয়াম-আয়ন ব্যাটারি উৎপাদন ও প্রস্তুতকরণ ফ্যাসিলিটি প্রতিষ্ঠার জন্য এই প্রকল্পে সহায়তা করছে, যা আগামী পাঁচ বছরে 250টি নতুন কর্মসংস্থান তৈরি করবে এবং 1GWh ব্যাটারি ও শক্তি সংরক্ষণ ডিভাইস উৎপাদন করবে। জুলাই মাসে, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority, NYPA) বোর্ড অব ট্রাস্টিজ এলিকট টাউনে ইলেক্ট্রোভায়ার কার্যক্রম সম্প্রসারণের ফলে তৈরি হতে যাওয়া বর্ধিত ইলেক্ট্রিক লোড সামাল দেওয়ার জন্য পাওয়ার অথোরিটির ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক ডেভেলপমেন্ট (Industrial Economic Development) কর্মসূচির আওতায় জেমসটাউনকে 1.5 মেগাওয়াটেরও বেশি নিম্ন-খরচের জলবিদ্যুৎ বরাদ্দ দেওয়ার অনুমোদন দিয়েছে। এই ফ্যাসিলিটির জন্য প্রাথমিক ব্যয় নির্ধারণ করা হয়েছে আনুমানিক 75 মিলিয়ন ডলার, এটি 2023 সালের শরতকালে চালু হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন**, "চৌতাউকা কাউন্টিতে ইলেক্ট্রোভায়ার একটি নতুন লিথিয়াম-আয়ন ব্যাটারি প্রস্তুতকরণ ফ্যাসিলিটি স্থাপন করার সিদ্ধান্ত গভর্নর হোকলের আগ্রাসী নির্মল জ্বালানি লক্ষ্যসমূহ অর্জনের পথে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে গৃহীত আরেকটি উল্লেখযোগ্য পদক্ষেপের সূচনা করছে। এই

উদীয়মান খাতকে সহায়তা করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট কয়েক শতাধিক কর্মসংস্থান তৈরি করছে, এবং একইসাথে জ্বালানি সংরক্ষণ ও উন্নত ব্যাটারি শিল্পে আমাদের বৈশ্বিক নেতৃত্ব বৃদ্ধি করছে।"

**নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন**, "ওয়েস্টার্ন নিউ ইয়র্কের দ্রুত ক্রমবর্ধমান অর্থনীতিতে নায়াগ্রার জলবিদ্যুৎ অপরিহার্য ভূমিকা পালন করছে। নির্মল, নবায়নযোগ্য জলবিদ্যুৎ ব্যবহার করে ইলেক্ট্রোভায়ার সম্প্রসারণে সহায়তা করার মাধ্যমে, নিউ ইয়র্ক এমন এক শিল্পখাতে কয়েক শতাধিক কর্মসংস্থান তৈরিতে সহায়তা করছে যেটি গভর্নর হোকলের দেশের-নেতৃস্থানীয় নির্মল বিদ্যুৎ এজেন্ডা এগিয়ে নিতে সাহায্য করবে।"

**ওয়েস্টার্ন নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Regional Economic Development Council)-এর সহ-সভাপতি এবং বাফেলো স্টেট কলেজের (Buffalo State College) প্রেসিডেন্ট ড. ক্যাথেরিন কনওয়ে-টার্নার বলেন**, "ব্যাটারির মতো নির্মল বিদ্যুৎ সংক্রান্ত উপাদানগুলোর চাহিদা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ভবিষ্যতের এই শিল্পের সম্মুখভাগে থাকার জন্য কাজ করছে। নির্মল বিদ্যুৎ এবং উদ্ভাবনের প্রতি নিউ ইয়র্কের অঙ্গীকারাবদ্ধতার কল্যাণে ইলেক্ট্রোভায়া-এর মতো কোম্পানিগুলো চৌতাউকা কাউন্টিতে নতুন কর্মসংস্থান ও নতুন বিনিয়োগ নিয়ে আসছে।"

**ওয়েস্টার্ন নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সহ-প্রতিষ্ঠাতা এবং ক্যাম্পাস ল্যাবস (Campus Labs)-এর সহ-প্রতিষ্ঠাতা এরিক রেইখ বলেন**, "চৌতাউকা কাউন্টিতে ইলেক্ট্রোভায়ার নতুন ব্যাটারি প্রস্তুতকরণ ফ্যাসিলিটি তৈরি হওয়ার জন্য আমরা অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি। REDC গর্বিত যে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এই মাইলফলকস্বরূপ ব্যবসায়িক উদ্যোগের মধ্য দিয়ে এটির নির্মল বিদ্যুৎ অর্থনীতির প্রবৃদ্ধি ঘটাচ্ছে, যা আমাদের অঞ্চলের লোকজনের জন্য নতুন কর্মসংস্থান ও সমৃদ্ধি নিয়ে আসবে।"

**নিউ ইয়র্ক ব্যাটারি এন্ড এনার্জি স্টোরেজ টেকনোলজি কনসোর্টিয়াম (New York Battery and Energy Storage Technology Consortium)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ড. উইলিয়াম অ্যাকার বলেন**, "NY-BEST ইলেক্ট্রোভায়াকে নিউ ইয়র্ক স্টেটে স্বাগত জানানোর জন্য উচ্ছসিত হয়ে আছে। উন্নত লিথিয়াম-আয়ন ব্যাটারি প্রস্তুতকরণ খাতের নেতৃস্থানীয় প্রতিষ্ঠান হিসেবে, ইলেক্ট্রোভায়া নিউ ইয়র্কে ব্যাটারি এবং বিদ্যুৎ সংরক্ষণ শিল্পের জন্য আমাদের শক্তিশালী ও ক্রমবর্ধমান বাস্তুসংস্থানে একটি গুরুত্বপূর্ণ সংযোজন হবে, যা নতুন দক্ষ কর্মসংস্থান নিয়ে আসবে এবং নিউ ইয়র্কের নির্মল বিদ্যুৎ অর্থনীতিকে সহায়তা করবে।"

**ইনভেস্ট বাফেলো নায়াগ্রা (Invest Buffalo Niagara)-এর প্রেসিডেন্ট ও CEO টম কুচারস্কি বলেন**, "ইলেক্ট্রোভায়ার সিদ্ধান্ত বাফেলো নায়াগ্রার নিবেদিত কর্মীদল, ক্যানাডা-আমেরিকা সীমান্তের ভৌগোলিক সুবিধা, এবং গুরুত্বপূর্ণ কাজ করে যাওয়া উদ্ভাবনমূলক কোম্পানিগুলোর জন্য একটি গন্তব্যস্থল হিসেবে এর অবস্থানকে সমর্থন করে। ওয়েস্টার্ন নিউ ইয়র্কের নির্মল বিদ্যুৎ স্থানান্তর এবং জলবায়ু পরিবর্তন প্রতিরোধ করার ব্যাপারে মনোযোগী হওয়া

কোম্পানিগুলোর ক্রমবর্ধমান ক্লাস্টারে ইলেক্ট্রোভায়াকে স্বাগত জানাতে পেরে আমরা রোমাঞ্চিত।"

**স্টেট সিনেটর জর্জ এম. বোররেলো বলেন**, "চৌতাউকা কাউন্টি এবং আমাদের পুরো অঞ্চলের জন্য আরেকটি অর্থনৈতিক উন্নয়নের জয় নিয়ে আসতে যারা সাহায্য করেছেন তাদের সবাইকে অভিনন্দন। আমার কমিউনিটি বার বার প্রমাণ করেছে যে ইলেক্ট্রোভায়া-এর মতো প্রস্তুতকারক কোম্পানিগুলো যে কর্মীদল, অবকাঠামো এবং ব্যবসা-বান্ধব নেতৃত্ব সন্ধান করছে তা এই কমিউনিটিতে বিদ্যমান রয়েছে। এই কোম্পানির ভবিষ্যতমুখী প্রযুক্তি এই এলাকার অন্যান্য উদীয়মান শিল্পের জন্য পরিপূরক ভূমিকা পালন করবে এবং আগামী বছরগুলোতে কর্মসংস্থান ও অর্থনৈতিক প্রবৃদ্ধি নিয়ে আসতে অবদান রাখবে।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যান্ড্রু গুডেল বলেন**, "এটি একটি চমৎকার সংবাদ যে চৌতাউকা কাউন্টি IDA, এটির কর্মী, এবং কাউন্টি এক্সিকিউটিভ ওয়েনডেল ইলেক্ট্রোভায়াকে জেমসটাউনে এটির লিথিয়াম ব্যাটারি প্রস্তুতকরণ পরিকল্পনা এগিয়ে নেওয়ার জন্য বোঝাতে পেরেছে। এসব পণ্য আমাদের ভবিষ্যতের জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমাদের এলাকার রয়েছে নিবেদিত ও উচ্চ-মানসম্মত কর্মচারীদের একটি গর্বিত ইতিহাস যা নিঃসন্দেহে এই প্রকল্পকে সফল করে তুলবে।"

**চৌতাউকা কাউন্টির এক্সিকিউটিভ পল এম. ওয়েনডেল বলেন**, "আমি উচ্ছসিত যে ইলেক্ট্রোভায়া এটির কার্যক্রম সম্প্রসারণ করার ভেন্যু হিসেবে চৌতাউকা কাউন্টিকে বেছে নিয়েছে। কোম্পানিটির সফলভাবে লিথিয়াম ব্যাটারি উৎপাদন অব্যাহত রাখার জন্য এটির বিনিয়োগ ম্যাসন ইন্ডাস্ট্রিয়াল পার্কে অবস্থিত পুরোনো হেইডেনহাইন ফ্যাসিলিটিতে নতুন প্রাণের সঞ্চার করবে এবং একইসাথে 10 বছর সময়ের মধ্যে আমাদের কাউন্টিতে 250টি পর্যন্ত কর্মসংস্থান তৈরি করবে।"

**এলিকট টাউনের সুপারভাইজার জ্যানেট বোম্যান বলেন**, "ম্যাসন ইন্ডাস্ট্রিয়াল পার্কে ইলেক্ট্রোভায়াকে সর্বশেষ ব্যবসায়িক সংযোজন হিসেবে পেয়ে এলিকট টাউন আনন্দিত ও উচ্ছসিত। সাবেক হেইডেনহাইন সম্পত্তি ক্রয়ের বিষয়টি ইন্ডাস্ট্রিয়াল পার্কটি পূর্ণ করে তোলার জন্য আমাদের লক্ষ্য অর্জনে আরেকটি অংশ যোগ করছে। আমরা এই দারুণভাবে সফল কানাডিয়ান ব্যবসা প্রতিষ্ঠান, ইলেক্ট্রোভায়াকে এলিকট টাউনে স্বাগত জানাচ্ছি।"

**অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক ডেপুটি কাউন্টি এক্সিকিউটিভ এবং চৌতাউকা কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (County of Chautauqua Industrial Development Agency)-এর CEO মার্ক গেইস বলেন**, "আমি কৃতজ্ঞ যে এই চমৎকার ভবনটি ক্রয় করা ও এটিতে বিনিয়োগ করা এবং এটিকে পুনরায় উৎপাদনমুখী ব্যবহারে ফিরিয়ে আনার জন্য একটি উদীয়মান শিল্পখাতের একটি দায়িত্বশীল পক্ষকে নিয়ে আসার জন্য CCIDA ভূমিকা রাখতে পেরেছে। CCIDA ইলেক্ট্রোভায়ার সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাবে যাতে উৎপাদন শুরু করা এবং দীর্ঘমেয়াদে টেকসই হওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থানসমূহ পাওয়ার বিষয়টি নিশ্চিত করা যায়। ইলেক্ট্রোভায়ার পাশাপাশি, আমি ইনভেস্ট বাফেলো নায়াগ্রা, এম্পায়ার স্টেট

ডেভেলপমেন্ট, এলিকট টাউন, CCIDA টিম, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি, হান্না হোল্ট রিয়েল্টি (মেলিসা উবার), এবং এই প্রকল্প বাস্তবায়নে ভূমিকা রাখা অন্য সবাইকে ধন্যবাদ জানাতে চাই।"

**জেমসটাউন বোর্ড অব পাবলিক ইউটিলিটিস (Jamestown Board of Public Utilities)-এর জেনারেল ম্যানেজার ডেভিড এল. লেদার্স বলেন**, "চৌতাউকা কাউন্টি এবং বৃহত্তর জেমসটাউন অঞ্চলের এটি অত্যন্ত চমৎকার একটি সংবাদ! জেমসটাউন BPU-এর আওতাধীন অঞ্চলটি প্রস্তুতকারক ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য অত্যন্ত আকর্ষণীয় একটি অবস্থান হিসেবে রয়ে গেছে এবং BPU বোর্ডের সদস্য ও কর্মীরা আমাদের কমিউনিটিতে ইলেক্ট্রোভায়াকে স্বাগত জানানোর ব্যাপারে উচ্ছসিত। আমাদের উদ্দেশ্য হচ্ছে নির্মল বিদ্যুৎ এবং জলবায়ু প্রযুক্তি প্রস্তুতকরণ খাতের নেতৃস্থানীয়দের জেমসটাউনে আসতে আকৃষ্ট করা এবং এই নতুন লিথিয়াম-আয়ন ব্যাটারি ও সেল উৎপাদনকারী হলো আমাদের সিস্টেমের পূর্ব অংশের ইন্ডাস্ট্রিয়াল হাবে একটি দুর্দান্ত সংযোজন। আমরা ইলেক্ট্রোভায়া টিমকে সহায়তা করতে এবং তাদের এই নতুন ফ্যাসিলিটিতে সমৃদ্ধি অর্জন করতে সাহায্য করার জন্য দৃঢ় প্রতিজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418